

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
ধোবাউড়া, ময়মনসিংহ
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২.৬১১৬.০০০.১১.১০২.২০-০৬

তারিখ : ১৬-০১-২০২০ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় “পল্লী কর্মসংস্থান ও সড়ক রক্ষণাবেক্ষণ কর্মসূচী-৩ (আরইআরএমপি-৩)” শীর্ষক প্রকল্পের অধীন নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইউনিয়ন ভিত্তিক জনবল নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তে শুধুমাত্র ধোবাউড়া, ময়মনসিংহ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বিধবা, স্বামী পরিত্যক্তা এবং পরিবার প্রধান হত দরিদ্র নারীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	ইউনিয়ন	পদের নাম	পদের সংখ্যা	০১-০৪-২০২০ খ্রিঃ তারিখে বয়স	বেতন	যোগ্যতা
০১	০১ নং দক্ষিণ মাইজপাড়া, ২নং গামারীতলা, ৩নং ধোবাউড়া, ৪নং পোড়াকান্দুলিয়া, ৫নং গোয়াতলা, ৬নং ঘোষণাও, ৭নং বাঘবেড়	রক্ষণাবেক্ষণ কর্মী	প্রতি ইউনিয়নে ১০ জন করে মোট ৭০ জন	২৫ থেকে ৪৫ বছর	২৫০/- প্রতি দিন	বিধবা, স্বামী পরিত্যক্তা, পরিবার প্রধান হত দরিদ্র নারী, ভূমিহীন বা ০.৫ একরের কম জমির মালিক এবং শারীরিক ভাবে কয়িক শ্রমে সক্ষম।

শর্তাবলীঃ

১. অদ্য ১৬-০১-২০২০ খ্রিঃ তারিখ হতে আগামী ২৩-০১-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং উপরে বর্ণিত ইউনিয়ন পরিষদ কার্যালয়সমূহে আবেদন ফরম পাওয়া যাবে এবং আগামী ২৩-০১-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সঠিকভাবে পূরণকৃত আবেদন উক্ত কার্যালয়গুলোতে অফিস চলাকালীন সময় দাখিল করতে হবে।
২. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৩. বয়স প্রত্যয়নের জন্য National ID এর মূল কপি দেখাতে হবে।
৪. কর্মীগণকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
৫. কর্মীদের বাড়ি নির্বাচিত সড়কের ২(দুই) কিলোমিটারের মধ্যে হতে হবে।
৬. এলজিইডি কর্তৃক নির্বাচিত সড়কের নিকট বসবাসকারী নারীগণ এ প্রকল্পে কাজ করার ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।
৭. “পল্লী কর্মসংস্থান ও সড়ক রক্ষণাবেক্ষণ কর্মসূচী (আরইআরএমপি-৩)” শীর্ষক প্রকল্পের ১ম ও ২য় পর্যায়ের কর্মী “পল্লী কর্মসংস্থান ও সড়ক রক্ষণাবেক্ষণ কর্মসূচী-৩ (আরইআরএমপি-৩)” শীর্ষক প্রকল্পে নিয়োগ প্রাপ্তির যোগ্য হবেন না।
৮. দৈনিক মুজুরির ২৫০/- টাকা হতে ৮০/- টাকা বাধ্যতামূলকভাবে বিধিমালা অনুযায়ী যৌথ সঞ্চয়ী হিসাবে জমা রাখতে হবে যা প্রকল্প মেয়াদ শেষে সুদে-আসলে ফেরতযোগ্য।
৯. রক্ষণাবেক্ষণের মধ্যে পাকা সড়কের সোল্ডার, সড়কের স্লোপ, রেইনকাট মেরামত, গরু গাড়ি, ঠেলা গাড়ি, মহিষের গাড়ি চলাচলের মাধ্যমে সৃষ্ট খাদ ভরাট, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত সড়ক মেরামত, জঙ্গল পরিষ্কার, কালভার্টের নিচে জমে থাকা পলি অপসারণ এবং ছোট ছোট ব্রীজ/ কালভার্টের এপ্রোচ মেরামত কাজে স্ব-উদ্যোগী এবং অগ্রহী থাকতে হবে।
১০. সপ্তাহে ৬ দিন সকাল ৮ঃ০০ ঘটিকা থেকে দুপুর ২ঃ০০ ঘটিকা পর্যন্ত সময় নির্ধারিত সড়কে/ স্থানে কাজ করতে হবে।
১১. আবেদনের সাথে (ক) সদ্য তোলা ১ কপি রঙিন ছবি, (খ) National ID এর সত্যায়িত কপি দিতে হবে।
১২. প্রার্থীদের স্বাক্ষরকারের জন্য কোন যাতায়াত ভাতা দেয়া হবে না।
১৩. এই নিয়োগ প্রকল্পের মেয়াদ (জুলাই’২০১৯ হতে জুন’২০২৩) পর্যন্ত প্রযোজ্য হবে।
১৪. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


- 16.01.2020

(মোহাম্মদ শাহীনুর ফেরদৌস)

উপজেলা প্রকৌশলী

ধোবাউড়া, ময়মনসিংহ।

ফোনঃ ০৯০৩৪-৫৬০৪১

ই-মেইল:ue.dhobaura@lged.gov.bd

আবেদন ফরম

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলাঃ ধোবাউড়া, জেলাঃ ময়মনসিংহ
পদের নামঃ রক্ষণাবেক্ষণ কর্মী

আবেদনকারীর

১ কপি

রঙিন ছবি

নামঃ ----- ইউনিয়নঃ -----

আবেদনকারীর ধরনঃ (ক) পরিবার প্রধান হত দরিদ্র (খ) স্বামী পরিত্যক্তা (গ) বিধবা

পিতা/ স্বামীর নামঃ -----

মাতার নামঃ -----

গ্রামঃ -----

ওয়ার্ড নংঃ -----

উপজেলাঃ -----

জেলাঃ -----

০১-০৪-২০২০ খ্রিঃ তারিখে বয়সঃ -----

জাতীয় পরিচয় পত্র নম্বরঃ -----

মোবাইল নম্বরঃ -----

নিজস্ব জমির পরিমাণঃ -----

পরিবারের সদস্য সংখ্যাঃ -----

ইতোপূর্বে আরইআরএমপি-১/ আরইআরএমপি-২ প্রকল্পের কর্মী ছিলেন কি? (হ্যাঁ/না) -----

আমি, নিম্নস্বাক্ষরকারী, এই মর্মে ঘোষণা করছি যে, এই আবেদনটিতে থাকা তথ্যাদি সঠিক এবং সম্পূর্ণ। আমি আরো ঘোষণা করছি যে, এখানে উল্লিখিত যে কোনও মিথ্যা তথ্য এই নিয়োগে আমার অযোগ্যতা এবং আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের ভিত্তি হিসাবে বিবেচিত হবে।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ